

অবসরের ৬ মাসের মধ্যে ভাতা অসম্ভব

মুহিবুল হাসান চৌধুরী, শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

২৭ জুন ২০২৪, ১২:০০ এএম



অবসরের ছয় মাসের মধ্যে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের অবসরভাতা দেওয়া সম্ভব নয় বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মুহিবুল হাসান চৌধুরী নওফেল। গতকাল বুধবার জাতীয় সংসদের প্রশ্নোত্তরে স্বতন্ত্র সংসদ সদস্য মোসা. তাহমিনা বেগমের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপিত হয়।

UNIBOTS

বেসরকারি শিক্ষকদের অবসরভাতা ও কল্যাণভাতা পাওয়ার ক্ষেত্রে দেরি হওয়ার সমস্যা সমাধানে সরকার আন্তরিক রয়েছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী জানান, এ খাতে পর্যাপ্ত অর্থ সংস্থান না থাকায় মূলত বেশি সময় লাগছে এবং সমস্যা তৈরি হচ্ছে। অনিষ্পন্ন আবেদনের সংখ্যা বিবেচনায়

২০২৪-২৫ অর্থবছরের বাজেটে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মচারী অবসর সুবিধা বোর্ডের অনুকূলে ৩০১ কোটি ৭৫ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। তাই এখন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এমপিওভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকসহ সব শিক্ষকদের অবসর গ্রহণের ৬ মাসের মধ্যে অবসরভাতা দেওয়া সম্ভব নয়।

স্বতন্ত্র সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদীর প্রশ্নের জবাবে নওফেল জানান, বাংলাদেশে বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ১৮ হাজার ৯৬৮টি। এর মধ্যে ৫ হাজার ১৮৪টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে।

স্বতন্ত্র সংসদ সদস্য মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরীর প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত মাদ্রাসা রয়েছে ৮ হাজার ৩১৪টি, মাদ্রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত মাদ্রাসার সংখ্যা ১৬ হাজার ১৭৯টি, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার সংখ্যা ৬ হাজার ৮৮৯টি, দাখিল ও আলিম মাদ্রাসার সংখ্যা ৯ হাজার ২৯০টি, এমপিওভুক্ত দাখিল মাদ্রাসা ৮ হাজার ২২৯টি এবং এমপিওভুক্ত আলিম মাদ্রাসা ৮৫টি।

ঢাকা-৮ আসনের আ ফ ম বাহাউদ্দিনের প্রশ্নের জবাবে সমাজকল্যাণমন্ত্রী ডা. দীপু মনি জানান, বিদ্যমান শিশু সদন থেকে এ পর্যন্ত ৬৯ হাজার ৯৭২ শিশুকে সমাজের মূল স্রোতধারায় ফিরিয়ে আনা সম্ভব হয়েছে।

কিশোরগঞ্জ-৫ আসনের আফজাল হোসেনের প্রশ্নের জবাবে বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন, সেন্টমার্টিন দ্বীপ থেকে ভোলা পর্যন্ত প্রায় ১০ হাজার বর্গকিলোমিটার সমুদ্র অঞ্চলের ভৌত, রাসায়নিক, সামুদ্রিক পরিবেশ ও ভূ-তাত্ত্বিক গবেষণা সম্পন্ন করা হয়েছে। সেন্টমার্টিন দ্বীপে বিদ্যমান ৬০ প্রজাতির সামুদ্রিক প্রবাল চিহ্নিত করা হয়েছে, যা মাছের ডিম পাড়া ও বসবাসের ক্ষেত্র হিসেবে কাজ করে।

[প্রথম পাতা](#) থেকে আরও পড়ুন